দৈনিক বাংলা

... 30 JUL 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

(20

151

# ছাত্র সংঘর্ষ ঃ কারমাইকেল কলেজ বন্ধ ঘোষণা

।। নিজস্ব সংবাদদাতা ।।

রংপুর, ২৯শে জুলাই।– একজন ছাত্র নেতার নাম ভোটার তালিকায় অন্তর্ভুক্ত না হওয়ার প্রতিবাদে বিক্ষোভ, ভাঙচুর, ধাওয়া পাল্টা ধাও-য়ার ফলে চরম উত্তেজনাকর পরিস্থিতির উদ্ভব হওয়ায় রংপুর কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজ আজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দেয়া হয়। আগামী কাল সকাল ন'টার

(শেষ পৃঃ ৭–এর কঃ দ্রঃ)

## কারমাইকেল কলেজ বন্ধ

(প্রথম পৃষ্ঠার পর)

মধ্যে ছাত্রছাত্রীদের হোস্টেল ত্যাগ করার নির্দেশ দেয়া হয়েছে।

একই সঙ্গে ১৪ই আগস্ট অনুষ্ঠিতব্য ছাত্র সংসদ নির্বাচন সংক্রান্ত সকল তৎপরতা স্থগিত ঘোষণা করা হয়েছে।

জানা গেছে ছাত্রদল নেতা গত সংসদের সাধারণ সম্পাদক শহীদুল ইসলাম মিজুর নাম ভোটার তালিকায় না ওঠায় ছাত্রদল গত তিনদিন যাবৎ বিক্ষোভ করছিল। বিষয়টিকে কেন্দ্র করে আজ উত্তেজনা চরমে ওঠে। ছাত্রদল, ছাত্র শিবির ও ছাত্র ঐক্য কর্মীদের মধ্যে সারাদিন ধাওয়া পাল্টা ধাওয়া চলে।

এক পর্যায়ে শিক্ষক কমনরুম ও পাশের কয়েকটি কামরা ভাঙচুর হয়। এসময় একজন ছাত্রীসহ ৫ জন আহত হয়। এসব ঘটনার পরে স্টাফ কাউন্সিলের বৈঠকে কলেজ বন্ধ করে দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়।

ছাত্র নেতার নাম তালিকা থেকে বাদ পড়া সম্পর্কে কলেজ কর্তৃপক্ষ জানান, আপত্তি পেশের নির্ধারিত সময়ের মধ্যে আপত্তি পেশ না করায় তার নাম তালিকায় ওঠেনি।